দৈনিক ইত্তেফাক

তারিখ APR. 5 1999
পৃষ্ঠা ১৫ কলাম ৭

138




*প্রাথমিক শিক্ষক সমিতির প্রতিনিধি পরিষদের অধিবেশন উপলক্ষে গতকাল নগরীতে বিক্ষোভ মিছিল বাহির করা হয়* —ইত্তেফাক

# প্রাথমিক শিক্ষক সমিতির প্রতিনিধি পরিষদের অধিবেশন অনুষ্ঠিত

**ইত্তেফাক রিপোর্ট** ॥ ২১ দফা দাবী আদায় এবং ৪ জন শিক্ষকের বিরুদ্ধে শো'কজ নোটিস প্রত্যাহার করিয়া নেওয়ার দাবীতে প্রাথমিক শিক্ষক সমিতির উদ্যোগে গতকাল (রবিবার) জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে সমিতির প্রতিনিধি পরিষদের এক অধিবেশন অনুষ্ঠিত হয়। অধিবেশনে দাবী আদায়ের লক্ষ্যে ১৫ই মে হইতে ১৭ই মে পর্যন্ত ৩ দিন সারাদেশে সরকারী-বেসরকারী প্রাথমিক স্কুলে শিক্ষকবৃন্দ কালোব্যাজ ধারণ এবং ১৭ই মে সকাল সাড়ে ১১টা হইতে বেলা সাড়ে ১২টা পর্যন্ত ১ ঘন্টা কর্মবিরতি পালন করিবেন বলিয়া সিদ্ধান্ত ঘোষণা করা হইয়াছে। সমিতির সভাপতি আবুল কালাম আজাদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই অধিবেশনে মকবুল হোসেন, কাজী ফজলুল হক, আলতাফ হোসেন, ফিরোজ উদ্দিন, হারুনুর রশিদ, বিএম আসাদুল্লাহ, সিদ্দিকুর রহমান, রওশন আরা, খাদেমুল ইসলাম এবং মোঃ শাহজাহান প্রমুখ বক্তৃতা করেন। অধিবেশনশেষে সমিতির একটি প্রতিনিধিদল শিক্ষামন্ত্রীর নিকট স্মারকলিপি পেশ করে। সমিতির ২১ দফা দাবীসমূহ যথাক্রমেঃ প্রাথমিক স্তরে অভিন্ন শিক্ষা ব্যবস্থা চালু করা, প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর মর্যাদা প্রদান, সহকারী প্রধান শিক্ষকদের পৃথক বেতন স্কেল প্রদান ইত্যাদি।